ST RELIANCE ASSOCIATES "STRA"
Corporate office:
H & S Building (5th Floor), 91 Bir Uttam C.R. Datta Road
(Old: Sonargaon Road), Kathalbagan, Dhaka.
Mobile : 01717-859464; 01818-901402;
Telephone: 9632492
E- Mail : saidul.stra@gmail.com
info@stra-global.com
Website: stra-global.com
facebook.com/straglobal

Problem solve….

বাংলাদেশে বিদেশী কোম্পানির শাখা, লিয়াজোঁ ও প্রতিনিধি অফিস স্থাপনের অনুমতি এবং বিদেশী নাগরিকদের কর্মানুমতি প্রদানের কর্মপদ্ধতি-২০১১

বাংলাদেশে বিদেশী বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিনিয়োগের অনুকূল পরিবেশ সৃষ্টি ও বিধি-বিধান প্রণয়ন করেছে। সরকারি ও বেসরকারি খাতে শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং বিদেশী কোম্পানিসমূহের শাখা, লিয়াজোঁ ও প্রতিনিধি অফিস স্থাপনের নিমিত্ত বিশেষ সুযোগ সুবিধা সৃষ্টি করেছে। উন্নত বিশ্বে উদ্ভাবিত ও প্রচলিত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বাংলাদেশের জনশক্তিকে দক্ষ জনশক্তিতে রূপান্তরিত করার লক্ষ্যে বিদেশী বিশেষজ্ঞ, প্রযুক্তিবিদ, ব্যবস্থাপক ও দক্ষকর্মীদের বাংলাদেশের শিল্প, বাণিজ্য, শিক্ষা ইত্যাদি খাতে নিয়োগের বিধি-বিধান প্রণয়ন আবশ্যক। এর ফলে আন্তঃমন্ত্রণালয় সমন্বয়, কেন্দ্রীয়ভাবে তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা, রাজস্ব আদায়, জাতীয় নিরাপত্তা ইত্যাদি বিষয়ে সমন্বয় সম্ভবপর হবে।

বিদেশী কোম্পানিসমূহের বাংলাদেশে শাখা, লিয়াজোঁ ও প্রতিনিধি অফিস স্থাপনের অনুমতি প্রদান এবং এ সকল প্রতিষ্ঠানসহ সরকারী ও বেসরকারি শিল্প, বাণিজ্যিক এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত বিদেশী নাগরিকদের কর্মানুমতি প্রদান সংক্রান্ত বিষয়াদির দায়িত্ব বিনিয়োগ বোর্ডের নির্বাহী চেয়ারম্যান/নির্বাহী সদস্য-এর সভাপতিত্বে গঠিত একটি আন্তঃমন্ত্রণালয় কমিটির উপর অর্পণ করা হয়েছে (সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের গেজেট বিজ্ঞপ্তি নং ৫৩.৪২.০১.০০.০০.৩১ ২০০৩-৩৯৫ তাং ২৭.১০.২০০৩ খ্রি:)। সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী প্রজ্ঞাপনটির সংশোধনী সানুগ্রহ অনুমোদন করেছেন। সংশোধিত গেজেট অনুযায়ী বিনিয়োগ বোর্ড কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবে । এ সংক্রান্ত যাবতীয় আদেশ নির্দেশ বিনিয়োগ বোর্ড হতে জারী করা হবে এবং বিনিয়োগ বোর্ডের সিদ্ধান্ত সরকারের চূড়ান্ত সিদ্ধান্ত হিসাবে পরিগণিত হবে। কমিটির উপর অর্পিত দায়িত্ব সম্পাদনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মপদ্ধতি প্রণীত হ'ল।

এই কর্মপদ্ধতি নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে প্রযোজ্য হবে:

(ক) বাংলাদেশের বাইরে নিবন্ধিত কোম্পানিসমূহের বাংলাদেশে শাখা, লিয়াজোঁ ও প্রতিনিধি অফিস স্থাপনের অনুমতি প্রদান;

(খ) বাংলাদেশে স্থাপিত বিদেশী কোম্পানীর শাখা, লিয়াজোঁ ও প্রতিনিধি অফিস এবং বাংলাদেশের বেসরকারি শিল্প, বাণিজ্য, শিক্ষা প্রতিষ্ঠান, ক্রীড়া সংগঠন, সরকারী প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক নিয়োগকৃত বিদেশী নাগরিকদের কর্মানুমতি প্রদান।

১। বিদেশী কোম্পানীর বাংলাদেশে শাখা, লিয়াজোঁ ও প্রতিনিধি অফিস স্থাপনের সাধারণ নির্দেশিকা:

(ক) শাখা, লিয়াজোঁ ও প্রতিনিধি অফিস স্থাপনের ক্ষেত্রে নির্ধারিত ফরম পূরণপূর্বক আনুষাঙ্গিক কাগজপত্রসহ আবেদনপত্র বিনিয়োগ বোর্ডে দাখিল করতে হবে (Annexure-A);

(খ) বিদেশী কোম্পানীর লিয়াজোঁ ও প্রতিনিধি অফিসসমূহ পত্র যোগাযোগ, ব্যক্তিগত ও অন্যান্য ইলেকট্রনিক যোগাযোগের মাধ্যমে বিদেশস্থ তাদের প্রধান কার্যালয় ও স্থানীয় এজেন্ট, সরবরাহকারী/রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহের মধ্যে শুধু সংশি- ষ্ট ব্যবসায়িক বিষয়ে সমন্বয়/লিয়াজোঁ রক্ষা করতে পারবে। এ সকল প্রতিষ্ঠান তাদের অনুমোদিত ব্যবসায়িক ক্ষেত্রে তথ্য সংগ্রহ, সংকলন, বিশে- ষণ ও পরিবেশন করতে পারবে। এ ধরনের বিদেশী অফিসের স্থানীয় উৎস হতে কোন প্রকার আয় থাকবে না। সংশি- ষ্ট লিয়াজোঁ ও প্রতিনিধি অফিস স্থাপন, পরিচালন ব্যয়, স্থানীয়/বিদেশী জনবলের বেতন-ভাতাদিসহ অন্যান্য সকল প্রকার ব্যয় বিদেশস্থ মূল অফিস হতে আনয়ন করে নির্বাহ করতে হবে। এ সকল প্রতিষ্ঠান বিদেশ হতে আনীত বৈদেশিক মুদ্রার অব্যয়ীত অংশ ব্যতীত কোন প্রকার বহির্মুখী প্রত্যাবাসন করতে পারবে না;

(গ) বিদেশী কোম্পানির শাখা অফিসসমূহকে অনুমতি পত্রে উলি- খিত ব্যবসায়িক/বাণিজ্যিক ক্ষেত্রসমূহে তাদের কার্যক্রম সীমাবদ্ধ রাখতে হবে। এ ধরনের বিদেশী অফিসের অনুমতিপ্রাপ্ত ব্যবসায়িক/বাণিজ্যিক ক্ষেত্র হতে আয় থাকতে পারে এবং বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ১৯৪৭ এর ১৮-(বি) ধারার বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে যথাযথ যৌক্তিকতাসহ আন্তঃমন্ত্রণালয় কমিটির অনুমোদনপূর্বক বহিঃর্মুখী প্রত্যাবাসন করতে পারবে;

(ঘ) শাখা, লিয়াজোঁ ও প্রতিনিধি অফিসসমূহের কার্যক্রম তাদের অনুমতিপত্রে বর্ণিত সময়ের জন্য নির্ধারিত ক্ষেত্রসমূহে সীমাবদ্ধ থাকবে। অনুমতিপ্রাপ্ত সময়কালের পরেও কার্যক্রম বহাল রাখতে

ST RELIANCE ASSOCIATES